# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৪০০

পর্ব-১০: আল্লাহ তা‘আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

### আরবী

وَعَنْ حُذَيْفَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا أَرَادَ أَنْ يَنَامَ وَضَعَ يَدَهُ تَحْتَ رَأْسِهِ ثُمَّ قَالَ: «اللَّهُمَّ قِنِي عَذَابَكَ يَوْمَ تَجْمَعُ عِبَادَكَ أَوْ تَبْعَثُ عِبَادَكَ» . رَوَاهُ التِّرْمِذِيّ

### বাংলা

২৪০০-[২০] হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন ঘুমাতে ইচ্ছা করতেন তখন হাত মাথার নীচে রাখতেন, অতঃপর বলতেন, ’’আল্ল-হুম্মা কিনী ’আযা-বাকা ইয়াওমা তাজমা’উ ’ইবা-দাকা, আও তাব্’আসু ’ইবা-দাকা’’ [অর্থাৎ- হে আল্লাহ! আমাকে তোমার শাস্তি হতে বাঁচিয়ে রেখ, যেদিন তুমি তোমার বান্দাদেরকে পুনঃএকত্র করবে; অথবা (বলেছেন) যেদিন তুমি তোমার বান্দাদেরকে কবর হতে উঠাবে।]। (তিরমিযী)[1]

### ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ৩৩৯৮, সহীহ আল জামি‘ ৪৭৯০।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَوْمَ تَجْمَعُ عِبَادَكَ أَوْ تَبْعَثُ عِبَادَكَ) অর্থাৎ- কিয়ামতের দিন, এখানে أَوْ বা অথবা এর ব্যবহার রাবীর সংশয়ের জন্য। রাবী সংশয় প্রকাশ করছেন যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম تَجْمَعُ বলেছেন? নাকি تَبْعَثُ বলেছেন?

অবশ্য আহমাদে ইবনু মাস্‘ঊদগুএর বর্ণনায় কোন সংশয় ছাড়াই تَجْمَعُ উল্লেখ রয়েছে, আর হাফসা (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসে রাবীর সংশয় ছাড়াই تَبْعَثُ উল্লেখ রয়েছে।

সুতরাং যে শব্দেই উল্লেখিত দু‘আ বলবে সেটাই তার জন্য বৈধ হবে। আর ঘুম যখন মৃত্যুর মতো আর জাগ্রত হওয়া পুনরায় জীবিত হওয়ার মতো, তখন এ দু‘আ উল্লেখিত অবস্থায় পড়তে হবে। তবে এ দু‘আ তিনবার বলা

মুস্তাহাব। যেমন- হাফসা (রাঃ) বর্ণিত হাদীস অচিরেই আসবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56959

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন